গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ বিডিএস/২০২০-২০২১/৫৯০ তারিখ : ১২-০৯-২০২১ খ্রিঃ

**বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল**
**শিক্ষা বর্ষ : ২০২০-২০২১**

সরকারী ও বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ১০-০৯-২০২১ খ্রিষ্টাব্দে লিখিত ভর্তি পরীক্ষা গৃহীত হয়। 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত নীতিমালার শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে প্রাপ্ত নম্বর যোগ করে অর্জিত স্কোরের ভিত্তিতে (মেধা ও পছন্দ) ৫৪৫ জন ছাত্র-ছাত্রীকে ০১টি সরকারী ডেন্টাল কলেজ ও ০৮টি মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হলো।

<u>আসন বন্টন নিম্নরূপ :</u>

বিডিএস কোর্সে সাধারন আসন ৫৩০টি, মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা এবং পুত্র কণ্যাদের পুত্র কণ্যার জন্য ১০টি এবং পশ্চাৎপদ জনগোষ্টির জন্য ০৫টি সংরক্ষিতসহ মোট ৫৪৫টি আসন। আসন শূন্য হলে মেধা ও পছন্দ অনুযায়ী পরবর্তিতে প্রার্থী ভর্তির সুযোগ পাবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীরা সংশ্লিষ্ট মেডিকেল কলেজ অধ্যক্ষের অফিসে ভর্তির ব্যাপারে যোগাযোগ করবেন।

আগামী ***<u>২৮-০৯-২০২১ খ্রিঃ হতে ০৪-১০-২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে</u>*** অফিস চলাকালীন সময় পর্যন্ত কলেজ কর্তৃপক্ষকে আবশ্যিকভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নীতিমালা অনুযায়ী পর্যায়ক্রমে তিনবার কেবল মাত্র মাইগ্রেশনের মাধ্যমে অন্য ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে বদলী করা হবে।

***<u>ফল প্রকাশের পর ১৬-০৯-২০২১খ্রিঃ হতে ২১-০৯-২০২১</u>*** খ্রিষ্টাব্দের মধ্যে ১০০০/- (একহাজার) টাকা (অফেরতযোগ্য) টেলিটক SMS এর মাধ্যমে জমা দিয়ে স্বীয় পরীক্ষার ফলাফল পূণঃনিরীক্ষার জন্য আবেদন (Submit) করা যাবে। পূণঃনিরীক্ষার ফলাফল আবেদনকারীকে যথাসময়ে জানান হবে। এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ফলাফল পুনঃনিরীক্ষণ পদ্ধতি: টেলিটকের যে কোন প্রিপেইড মোবাইল থেকে SMS করতে হবে।

১ম SMS: DGHS<Space>RSC<Space>Roll No. লিখে পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। (যেমন DGHS<>RSC<>119999)
ফিরতি Message এ একটি PIN নম্বর আসবে।

২য় SMS: ফি প্রদানের জন্য প্রাপ্ত PIN নম্বর দিয়ে SMS করতে হবে DGHS<>RSC<>YES<>PIN এবং পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে "(যেমন: DGHS<>RSC<>YES<>3699)" ফিরতি SMS-এ ফি জমা বাবদ একটি প্রাপ্তি স্বীকার SMS পাওয়া যাবে।

<u>ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।</u>

ফলাফল ও ভর্তি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মেডিকেল কলেজ ও <u>www.dgme.gov.bd অথবা www.dghs.gov.bd</u> ওয়েব সাইট থেকে জানা যাবে।

ভর্তির সময় নিম্নলিখিত কাগজ পত্র জমা দিতে হবে:-

১. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসা পত্র।
৩. জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।
৪. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৫. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।
৬. মুক্তিযুদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
৭. **করোনাকালীন সময়ে ভর্তি সংক্রান্ত কার্যক্রমে সরকার নির্ধারিত স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।**

বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তির বিষয়ে পরবর্তীতে বিজ্ঞপ্তি দেওয়া হবে।

<u>প্রকাশিত ফলাফলের উপর বিধিসম্মত যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের অধিকার কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।</u>

12/09/2021.

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email:medicaledu313@gmail.com

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ বিডিএস/২০২০-২০২১/৫৯০ তারিখ : ১২-০৯-২০২১ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২৯. অধ্যক্ষ অধ্যক্ষ অধ্যক্ষ, সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ(সকল): অধ্যক্ষ : ৫১. ঢাকা ডেন্টাল কলেজ, ৫২. চট্টগ্রাম, ৫৩. রাজশাহী, ৫৪. শহীদ সোহরাওয়ার্দী, ৫৫. স্যার সলিমুল্লাহ, ৫৬. ময়মনসিংহ, ৫৭. এম,এ,জি,ওসমানী, ৫৮. শের-ই-বাংলা, ৫৯. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রংপুর ।অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট
৩০. অধ্যক্ষ, বেসরকারি সরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল):..........................................
৩১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. অধ্যক্ষ,........................................................................বেসরকারী মেডিকেল (সকল)
৩৩. রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৪. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৫. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৬. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা
৩৭. অফিস কপি

12/09/2021

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com